কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন
৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা,ঢাকা-১০০০
(জাতীয় সবজি বীজ কর্মসূচি)
(ই-মেইল :jdvegbadc@gmail.com)

স্মারক নং: ১২.২৮১.০১৪.০৩.৩১.৪৬.২০১৭- ১৯৯ তারিখ: ১২নভেম্বর'২০১৭

বরাবর

১। যুগ্ম পারচালক (পাটবাজ), পাটবাজ খামার, বিএডাস, চিৎলা, মেহেরপুর।

২। উপ পরিচালক (ক:গ্রো:), বিএডিসি, ফরিদপুর।

৩। উপ পরিচালক (বীবি), বিএডিসি, পাবনা।

৪। সিনিয়র সহকারী পরিচালক/উপপরিচালক (খামার),বীজ উৎপাদন খামার, বিএডিসি,.. .. .. .. .. .. .. .. .. ।

বিষয় ঃ ২০১৭-১৮ উৎপাদন বর্ষে মানঘোষিত পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ সংশোধিত উৎপাদন কর্মসূচি।

জাতীয় সবজি বীজ কর্মসূচির আওতায় সবজি বীজ বিভাগের মাধ্যমে ২০১৭-১৮ উৎপাদন বর্ষে ৪.০০ একর জমিতে ১.০০ মে.টন মানঘোষিত পেঁয়াজ বীজ এবং ৪০.০০ একর জমিতে ২০০.০০ মে.টন মানঘোষিত পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনের সংশোধিত কর্মসূচি এতদ্বারা জারি করা হলো। নির্ধারিত বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা অনুযায়ী মানঘোষিত শ্রেণির পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন কার্যক্রমের বিভাজন এতৎসঙ্গে দেয়া হলো (পরিশিষ্ট ক)।

সংশ্লিষ্ট অফিস প্রধানকে স্ব-স্ব খামার/ক: গ্রো: জোনের উৎপাদন কার্যক্রম সার্বিকভাবে বাস্তবায়নের নিমিত্তে নিম্নোক্ত পদক্ষেপ সমূহ গ্রহণ করতে হবে ।

১। বপন মৌসুমের প্রারম্ভে পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, ফরিদপুর ও পাবনা/সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, মিরপুর, ঢাকা দপ্তর থেকে জোনের প্রয়োজনীয় পেঁয়াজ বাল্ব বীজ/পেঁয়াজ বীজ সংগ্রহ নিশ্চিত করবেন।

২। বীজ উৎপাদন কর্মসূচি বাস্তবায়নে মসলা গবেষণা কেন্দ্রের প্রচলিত প্রযুক্তি অনুসরণ করবেন।

৩। কঃগ্রোঃ চাষিদের মাধ্যমে মানঘোষিত বীজ উৎপাদনের লক্ষ্যে যথাসময়ে নির্বাচিত স্কিমের চাষিদের জমি তৈরি, জৈব ও রাসায়নিক সার ব্যবহার, সময়মত বীজ বপন এবং অন্যান্য আন্তঃপরিচর্যা করার বিষয়ে সংশ্লিষ্ট উপ-পরিচালকগণ মাঠ পরিদর্শন কালে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।

৪। কঃগ্রোঃ চাষিদের মাধ্যমে মানঘোষিত বীজ উৎপাদনের ক্ষেত্রে বীজ উৎপাদনের জন্য পূর্বের কম উৎপাদনশীল জমি বাদ দিয়ে অধিক উৎপাদনশীল জমি ও প্রগতিশীল চাষির সমন্বয়ে স্কিম তৈরি করতে হবে। স্কিম অনুমোদনের পর বীজ উৎপাদন পরিকল্পনা, বীজ বপন, মাঠ পরিদর্শন (১ম, ২য়, ৩য়), বীজ ফসল সংগ্রহের সম্ভাব্য তারিখ যুগ্ম পরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা কে অবহিত করবেন।

৫। সংশ্লিষ্ট খামার/জোনের উপ পরিচালকগণ তাদের বীজ ফসলের অঙ্গজ বৃদ্ধির বিভিন্ন পর্যায়ে ও বীজ সংগ্রহের পূর্বে সংশ্লিষ্ট কমিটির মাধ্যমে মাঠ পরিদর্শন সহ মাঠমান নিশ্চিত করবেন এবং সম্ভাব্য বীজ প্রাপ্তির প্রতিবেদন যথাসময়ে যুগ্ম পরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা এর নিকট প্রেরণ করবেন।

৬। সংশ্লিষ্ট খামার/জোনের উপ পরিচালকগণ চূড়ান্ত মাঠ পরিদর্শন কমিটির মাধ্যমে মাঠ পরিদর্শন সম্পন্ন করে নির্ধারিত ছকে প্রতিবেদন ও সম্ভাব্য বীজ প্রাপ্তির রিপোর্ট যুগ্ম পরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা এর নিকট দাখিল করবেন।

৭। সংস্থা থেকে সরবরাহকৃত পেঁয়াজ বাল্ব বীজ ও পেঁয়াজ বীজ সরবরাহের সাথে সাথে তার মূল্য আদায় করে সংস্থার খাতে জমা দানের ব্যবস্থা করতে হবে।

৮। পেঁয়াজ বীজ সংগ্রহের পর যথাযথ পরিচর্যা ও খামারে সাময়িক সংরক্ষণের ব্যবস্থা নিবেন এবং এ সময়ে বীজের "বীজমান" নিশ্চিত করবেন। বীজমান অনুযায়ী সংরক্ষিত বীজ সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, গাবতলী, মিরপুর, ঢাকায় প্রেরণ করবেন। প্রেরিত বীজ হতে নমুনা বীজ সংগ্রহ করে নিজ দপ্তরে রেখে দিতে হবে যেন পরবর্তীতে বীজের গুণগত মান বিষয়ে আপত্তি উত্থাপিত হলে যথাযথ ব্যবস্থা নেয়া যায়।

৯। পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনকারী কঃ গ্রোঃ জোনের উপ-পরিচালকগণ পেঁয়াজ বাল্ব বীজ এর জাত নিশ্চিত হয়ে নির্ধারিত স্কিমের কঃ গ্রোঃ চাষিদের নিকট থেকে সংগ্রহ পূর্বক পেঁয়াজ বাল্ব বীজ সংরক্ষণ হিমাগার, বিএডিসি, ফরিদপুর/পাবনায় প্রেরণ করবেন।

১০। যুগ্ম পরিচালক (সবজি বীজ), বিএডিসি, ঢাকা এর সার্বিক তত্ত্বাবধানে সামগ্রিক কার্যক্রম বাস্তবায়িত হবে।

১১। সংশ্লিষ্ট সকলকে নিষ্ঠার সাথে পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হলো।

১২। অত্র দপ্তরের স্মারক নং ১২.২৮১.০১৪.০৩.৩১.৪৬.২০১৭-১২৭ তারিখ ২০/০৯/২০১৭ মূলে জারিকৃত পেঁয়াজ বীজ উৎপাদন কর্মসূচি এতদ্বারা বাতিল বলে গণ্য হবে।

সংযুক্তি : বর্ণনামতে,পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন কার্যক্রম (পরিশিষ্ট 'ক')- ১কপি

১২/১১/১৭

(মোঃ ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।

অনুলিপি (কার্যার্থে)ঃ

১। উপ পরিচালক (ডাল ও তৈল বীজ/খামার/সবজি বীজ), বিএডিসি, ফরিদপুর/পাবনা/মিরপুর। উৎপাদন কার্যক্রম অনুযায়ী পেঁয়াজ বাল্ব বীজ/পেঁয়াজ বীজ সরবরাহ দেয়ার ব্যবস্থা নিবেন।

২। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩। জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বিএডিসি, ঢাকা।

অনুলিপি ( সদয় জ্ঞাতার্থে) ঃ

১। প্রকল্প পরিচালক (ডাল ও তৈল বীজ), বিএডিসি, ঢাকা।

২। অতিরিক্ত মহাব্যবস্থাপক (কঃ গ্রোঃ/বীজ বিতরণ/খামার), বিএডিসি, ঢাকা।

৩। মহাব্যবস্থাপক (বীজ/পাটবীজ), বিএডিসি, ঢাকা।

৪। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

২১/১১/২০১৭

(মুসতাক আহমেদ)
যুগ্ম পরিচালক (সবজি বীজ)
বিএডিসি,ঢাকা।

পরিশিষ্ট 'ক'

## পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদন কার্যক্রমের সংশোধিত বিভাজন

| পেঁয়াজ বীজ ও পেঁয়াজ বাল্ব বীজ উৎপাদনকারী খামার/কঃ গ্রোঃ জোনের নাম | ফসলের নাম | বীজের জাত | ব্যবহৃত পেঁয়াজ বীজ/বাল্ব বীজ মে.টন) | আবাদকৃত জমি (একর) | উৎপাদন লক্ষ্যমাত্রা (মে.টন) | বীজ প্রাপ্তির উৎস |
|---|---|---|---|---|---|---|
| বীজ উৎপাদন খামার, বিএডিসি, টেবুনিয়া | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | ০.৬৫০ | ১.০০ | ০.২৫০ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, টেবুনিয়া, পাবনা। |
| বীজ উৎপাদন খামার, বিএডিসি, কুশাডাংগা | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | ০.৬৫০ | ১.০০ | ০.২৫০ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি, ফরিদপুর। |
| বীজ উৎপাদন খামার, বিএডিসি, গোকুলনগর | | | ০.৬৫০ | ১.০০ | ০.২৫০ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি, ফরিদপুর। |
| বীজ উৎপাদন খামার, বিএডিসি, তাম্বুলখানা | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | ০.৩২৫ | ০.৫০ | ০.১২৫ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি, ফরিদপুর। |
| পাট বীজ খামার, বিএডিসি, চিৎলা, মেহেরপুর | পেঁয়াজ বীজ | বারি পেঁয়াজ-১ | ০.৩২৫ | ০.৫০ | ০.১২৫ | পেঁয়াজ বাল্ব বীজ হিমাগার, বিএডিসি, ডোমরাকান্দি, ফরিদপুর। |
| মোট পেঁয়াজ বীজ | | | ২.৬০০ | ৪.০০ | ১.০০০ | |
| ফরিদপুর ক: গ্রো: জোন | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-১ | ০.০৬০ | ২০.০০ | ১০০.০০০ | উপ-পরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, মিরপুর, ঢাকা। |
| পাবনা ক: গ্রো: জোন | পেঁয়াজ বাল্ব বীজ | বারি পেঁয়াজ-১ | ০.০৬০ | ২০.০০ | ১০০.০০০ | উপ-পরিচালক (সবজি বীজ), সবজি বীজ প্রক্রিয়াজাতকরণ কেন্দ্র, বিএডিসি, মিরপুর, ঢাকা। |
| মোট পেঁয়াজ বাল্ব বীজ | | | ০.১২০ | ৪০.০০ | ২০০.০০ | |
| সর্বমোট (পেঁয়াজ বীজ+পেঁয়াজ বাল্ব বীজ) | | | ২.৭২০ | ৪৪.০০ | ২০১.০০০ | |

(মীর সাঈদা আক্তার সীমা)
সহকারী পরিচালক (সবজি বীজ)
বিএডিসি, ঢাকা

(খালেদুম মুনিরা)
উপপরিচালক (সবজি বীজ)
বিএডিসি, ঢাকা

(মুসতাক আহমেদ)
যুগ্ম পরিচালক (সবজি বীজ)
বিএডিসি, ঢাকা

(মো: ফারুক জাহিদুল হক)
মহাব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা।